
JUN. 30 2002

ভোরের কাগজ

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



# কেরানীগঞ্জে স্কুলের জায়গা দখলের পাঁয়তারা

কেরানীগঞ্জ প্রতিনিধি : উপজেলার চুনকুটিয়া চৌধুরীপাড়া এলাকায় জনৈক মাহাবুবুর রহমানের নিজ অর্থে গড়া এম চৌধুরী প্রি-ক্যাডেট এন্ড হাইস্কুলটি স্থানীয় সন্ত্রাসীরা জবর-দখল করার পাঁয়তারা চালিয়ে যাচ্ছে। স্থানীয় সূত্রে জানা যায়, চারদলীয় ঐক্যজোটের একজন নেতার ইন্ধনে সন্ত্রাসী মিলন, বিপ্লব, পল্লব ও আঃ হাইসহ আরো ১৫/২০ জন সন্ত্রাসী ঐ স্কুলটি দখল করার জন্য উক্ত স্কুলের প্রতিষ্ঠাতা মাহাবুবুর রহমানকে নানাভাবে হুমকি দিচ্ছে। এ ব্যাপারে মাহাবুব থানা পুলিশের সাহায্য প্রার্থনা করলে থানা পুলিশ তাকে সহযোগিতা করছে না বলে তিনি অভিযোগ করেছেন। ৪০ শতাংশ পৈতৃক জমির উপর মাহাবুব ঐ স্কুলটি নির্মাণ করে সুনামের সঙ্গে পরিচালনা করে আসছেন। স্কুলটিতে প্লে-গ্রুপ থেকে দশম শ্রেণী পর্যন্ত মোট ৩৮৬ জন ছাত্রছাত্রীসহ ২১ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। স্থানীয় অভিভাবকসহ বুদ্ধিজীবীরা স্কুলটি রক্ষার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ শিক্ষামন্ত্রীর দ্রুত হস্তক্ষেপ কামনা করছেন।